*ইউনাইটেড স্টেটস্ ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্যা ইস্টার্ন ডিস্ট্রিক্ট অভ নিউ ইয়র্ক*

# *<u>ক্লাস অ্যাকশন মামলার প্রস্তাবিত নিষ্পত্তির বিজ্ঞপ্তি</u>*

**এটি একটি আদালত অনুমোদিত বিজ্ঞপ্তি। এটা কোনো আইনজীবীর পক্ষে সনির্বন্ধ অনুরোধ নয়।**

**আপনার কি কোনো সন্তান আছে যার:**

a) **টাইপ 1 বা টাইপ 2 ডায়াবেটিস আছে; এবং**

b) **যে এখন বা আগামীতে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর একটি পাবলিক স্কুলে ভর্তি হবে?**

**প্রাপক:** নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) স্কুলে বর্তমানে ভর্তি আছে বা ভর্তি হবে, এমন সকল ডায়াবেটিস আক্রান্ত শিক্ষার্থী ও পিতামাতা, স্কুলে যাদের ডায়াবেটিস সংক্রান্ত যত্ন প্রয়োজন। এটা সেসব শিক্ষার্থীর জন্য প্রযোজ্য নয় যারা চার্টার স্কুল, প্রাইভেট স্কুল, অথবা প্রি-স্কুল প্রোগ্রামসমূহে পড়ছে।

**অনুগ্রহ করে মনোযোগের সাথে এই নোটিসটি পড়ুন। এই মামলায় আইনগত প্রক্রিয়ার মধ্য দিয়ে আপনার অধিকারে প্রভাব পড়তে পারে।**

প্রস্তাবিত নিষ্পত্তি ("নিষ্পত্তি" বা "নিষ্পত্তি চুক্তি") একটি মামলার মীমাংসা করে এই দাবি করে যে বিবাদীগণ (DOE, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন, অফিস অভ স্কুল হেলথ্, এবং সিটি অভ নিউ ইয়র্ক) DOE স্কুলগুলোতে যায় এমন শিক্ষার্থীদের মধ্যে যাদের ডায়াবেটিস আছে তাদের বিরুদ্ধে বৈষম্য করেছে। DOE স্কুলসমূহে ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের জন্য বিশেষ সুবিধা এবং পরিষেবাসমূহের ব্যবস্থাকে এই মামলা বিশেষভাবে উদ্দেশ্য করে।

## *এই নিষ্পত্তিতে আপনার আইনি অধিকার ও বেছে নেয়ার সুযোগসমূহ*

- **আপনি আপত্তি করতে পারেন**— নিষ্পত্তিতে সম্মত না হলে আপনি কোর্টে লিখিত দিতে পারেন।
- **আপনি ন্যায্যতা শুনানি (ফেয়ারনেস হিয়ারিং)-এ অংশগ্রহণ করতে পারেন**—এই নিষ্পত্তির ন্যায্যতা সম্পর্কে আপনি কোর্টে কথা বলতে চাইতে পারেন।
- **আপনি যদি কিছুই না করেন** এবং কোর্ট এই নিষ্পত্তি গ্রহণ করে, শ্রেণীভুক্ত র একজন হিসেবে আপনি নিষ্পত্তির শর্ত মেনে নিতে বাধ্য থাকবেন।
- এই অধিকার ও বিকল্পসমূহের কথা এই নোটিসে ব্যাখ্যা করা থাকবে। **এসব অধিকার ও বিকল্পসমূহের সুযোগ গ্রহণের একটি সময়সীমা থাকে।**

## *সাধারণ তথ্য*

### 1. মামলাটির বিষয়বস্তু কী?

ডায়াবেটিস আক্রান্ত তিনজন শিক্ষার্থী, তাদের পিতামাতাদের (নামোল্লেখিত বাদীগণ) দ্বারা ও মাধ্যমে, আমেরিকান ডায়াবেটিস অ্যাসোসিয়েশনকে সঙ্গে নিয়ে (একত্রে, বাদী), স্কুলে ডায়াবেটিস আক্রান্ত ছেলেমেয়েদের জন্য উন্নততর সেবা-যত্ন চেয়ে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর বিরুদ্ধে একটি মামলা করেছেন। এই মামলাটি *M.F., এবং অন্যান্য বনাম নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, এবং অন্যান্য*, সিভিল নম্বর 18-CV-6109 নামে পরিচিত।

বাদীগণ অভিযোগ করেছেন যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্কুলগুলো প্রতিবন্ধিতাযুক্তদের, বিশেষ করে ডায়াবেটিস আক্রান্তদের সুরক্ষা প্রদানকারী ফেডারেল আইন লঙ্ঘন করেছে, কারণ স্কুলগুলো:

- সেকশন 504 নামে কথিত সভার সময়সূচি নির্ধারণ করতে ও সভাগুলো করতে ব্যর্থ হয়েছে, এবং সেকশন 504 পরিকল্পনা নামের খসড়া পরিকল্পনা করতে ও বাস্তবায়ন করতে ব্যর্থ হয়েছে, যা শিক্ষার্থীদের নিরাপদে স্কুলে উপস্থিত থাকা ও সেখানকার শিক্ষার সুযোগ গ্রহণ করার জন্য ডায়াবেটিস বিষয়ক যত্ন ও বিশেষ ব্যবস্থার বর্ণনা দেয়; যার মধ্যে রয়েছে পরিবহন এবং স্কুল-স্পন্সরকৃত পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম;

- স্কুল নার্স, প্যারাপ্রফেশন্যাল, পরিচর্যাকারী (এইড), শিক্ষক, বিকল্প শিক্ষক, এবং অন্যান্য স্টাফদের ডায়াবেটিস আক্রান্তদের প্রয়োজন মেটানোর জন্য যথাযথ ডায়াবেটিস সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে ব্যর্থ হয়েছেন, যেমন রক্তে গ্লুকোজ মনিটরিং, গ্লুকাগন দেয়ার প্রশিক্ষণ, অথবা স্কুল নার্সদের ইনসুলিন দেয়ার প্রশিক্ষণ;

- অহেতুক ডায়াবেটিস আক্রান্তদের নিয়মিত ডায়াবেটিস সংক্রান্ত সহায়তা গ্রহণের জন্য ক্লাস থেকে বের করে দিয়ে ও আলাদা করে মূল্যবান শিক্ষানির্দেশনা থেকে বঞ্চিত করেছেন;

- যথাযথ ডায়াবেটিস সংক্রান্ত সেবার ব্যবস্থা না করে ডায়াবেটিস আক্রান্ত শিক্ষার্থীদেরকে স্কুল ও স্কুল-সংক্রান্ত কর্মকাণ্ড যেমন ফিল্ড ট্রিপস্, স্কুল-স্পন্সরকৃত স্কুল ছুটি পরবর্তী এবং পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড, এবং স্কুলের সকালের নাস্তা থেকে বঞ্চিত রেখেছেন।

অভিযোগটি সহ মামলাটি সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে: https://dralegal.org/case/m-f-v-new-york-city-department-of-education/ ওয়েবসাইট-এ।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ডায়াবেটিস সেবা সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে:
https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/staying-healthy/diabetes ওয়েবসাইট-এ।

## 2. ক্লাস অ্যাকশন (শ্রেণিভুক্তদের পক্ষে পদক্ষেপ) বলতে কী বুঝায়?

বাদীগণ তাদের নিজেদের এবং এসব আচরণে ক্ষতিগ্রস্থ হয়ে থাকতে পারে, এমন অন্যান্য শিক্ষার্থীদের পক্ষ থেকেও তাদের দাবিসমূহ করেছেন। ক্ষতিগ্রস্থ হয়েছে এমন সকল শিক্ষার্থীর পক্ষ থেকে ক্লাস রিপ্রেসেন্টেটিভ বা প্রতিনিধি হিসেবে কাজ করার জন্য বাদীগণকে কোর্ট দ্বারা নিযুক্ত করা হয়েছে (ক্লাস মেম্বার অথবা ক্লাসও বলা হয়)।

## 3. কেনো এই নিস্পত্তিটি করা হয়েছে?

আদালতে বিচারের দিকে অগ্রসর হওয়ার চাইতে, বাদী ও বিবাদীগণ মামলা নিস্পত্তি করতে রাজি হয়েছেন। বাদীগণ বিশ্বাস করেন যে, তারা যে নিস্পত্তিতে পৌঁছেছেন তা ন্যায্য, যথেষ্ট, যুক্তিসঙ্গত, এবং ক্লাস মেম্বারদের সবচাইতে ভালোর জন্য। এই উপসংহারে পৌঁছাতে, ক্লাস প্রতিনিধি এবং তাদের আইনজীবীগণ নিস্পত্তির সুবিধাসমূহ, অব্যাহত কোর্ট কার্যক্রমের সম্ভাব্য ফলাফল, এবং অব্যাহত কোর্ট কার্যক্রমের ব্যয় ও দীর্ঘসূত্রিতা, এবং সম্ভাব্য আপিলের কথা বিবেচনা করেছেন।

## 4. এই নিস্পত্তির অধীনে কে আছেন?

DOE স্কুলগুলোতে বর্তমানে ভর্তি আছে বা ভবিষ্যতে ভর্তি হবে, এমন সকল ডায়াবেটিস আক্রান্ত শিক্ষার্থী।

## 5. যদি আমি নিশ্চিত না হই যে আমি অথবা আমার সন্তান অন্তর্ভুক্ত কিনা তখন আমি কী করবো?

আপনার সন্তান ক্লাস-এর অন্তর্ভুক্ত এবং নিস্পত্তির অধীন আছে কিনা, সেটা নিশ্চিত না হলে অনুগ্রহ করে আরো তথ্যের জন্য ডিসঅ্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটসদেরকে diabeteslawsuit@dralegal.org ঠিকানায় ইমেইল করুন অথবা (332) 217-2362 নম্বরে কল করুন।

## 6. কোনো শিক্ষার্থী কি নিস্পত্তির অধীনে অর্থ পেতে পারে?

না। নিস্পত্তি ক্লাস মেম্বারদেরকে কোনো আর্থিক সাহায্য দেয় না।

### *ক্লাসের জন্য নিস্পত্তি কী দেয়*

যদি নিস্পত্তিটি অনুমোদিত হয়, বিবাদীগণ কিছু নির্দিষ্ট নীতি এবং আচরণের চর্চা শুরু করবেন। নিস্পত্তিটি 1 সেপ্টেম্বর, 2023 থেকে 15 আগস্ট, 2026 পর্যন্ত কার্যকর থাকবে (যদি 31 আগস্টের পরে কোর্ট কোনো নিস্পত্তি অনুমোদন করে, এই সময়কাঠামো পরিবর্তিত হতে পারে)। একজন বহিরাগত মনিটর এবং যৌথ বিশেষজ্ঞ নিস্পত্তির নির্ধারিত সময়ে বিবাদীদের নিস্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ মেনে চলা তত্ত্বাবধান করবেন।

এই নোটিসটিতে নিস্পত্তির আবশ্যিক বিষয়সমূহের সার-সংক্ষেপ রয়েছে:

- সেকশন 504 মিটিংসমূহের সময়সূচি করা ও সেগুলো অনুষ্ঠিত হওয়া, এবং সেকশন 504 পরিকল্পনাসমূহ তৈরি ও স্বাক্ষরিত হওয়া, এবং সেকশন 504 টিম কর্তৃক সিদ্ধান্ত নেয়া সকল বিশেষ ব্যবস্থা সেকশন 504 পরিকল্পনাসমূহে অন্তর্ভুক্ত থাকা নিশ্চিত করার মাধ্যমে ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের জন্য

পরিকল্পনা উন্নয়ন করা। সেকশন 504 পরিকল্পনাসমূহ ডায়াবেটিস-সম্পর্কিত যত্ন এবং বিশেষ ব্যবস্থাসমূহ বর্ণনা করে যা ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের নিরাপদে স্কুলে অংশগ্রহণ করতে এবং তাদের শিক্ষা ও প্রাসঙ্গিক কর্মকাণ্ড থেকে উপকার পেতে প্রয়োজন।

- ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের মধ্যে যারা আগামী শিক্ষাবর্ষে একই স্কুলে ফেরত আসছে তাদের জন্য:

    - সেকশন 504 কোঅর্ডিনেটরগণ একজন ফিরে আসা শিক্ষার্থীর পক্ষ থেকে একটি সেকশন 504 মিটিং-এর সময়সূচি ঠিক করবেন স্বাস্থ্য পরিষেবাসমূহের জন্য অনুরোধ পাওয়ার 15 স্কুল দিবসের মধ্যে অথবা শিক্ষা বর্ষ শেষ হওয়ার আগে অনুষ্ঠিত হওয়ার জন্য, যেটি আগে হয়। এই সময়সীমার মাঝে ফিরে আসা শিক্ষার্থীর পিতামাতা যদি 504 টিম মিটিংয়ে যোগ দিতে সক্ষম না হন, 504 কোঅর্ডিনেটর পরের কোনো তারিখে মিটিংয়ের সময় ঠিক করতে পারেন যখন পিতামাতা লভ্য হবেন।

- ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের মধ্যে যারা প্রথমবারের মতো স্কুল শুরু করছে, একটি নতুন স্কুলে শুরু করতে যাচ্ছে অথবা যাদের নতুন ডায়াবেটিস নির্ণীত হয়েছে (নতুন শিক্ষার্থী), তাদের জন্য:

    - সেকশন 504 কোঅর্ডিনেটরগণ যত দ্রুত সম্ভব সেকশন 504 মিটিং অনুষ্ঠানের সময়সূচি ঠিক করবেন, এবং যখন স্বাস্থ্য পরিষেবা যেমন নার্সিং অথবা একজন প্যারাপ্রফেশন্যাল অনুরোধ করা হয়, স্কুলের প্রথম দিনের পরবর্তী 15 দিনের পরে নয় (যদি শিক্ষাবর্ষ শুরুর আগে ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (DMAF) অথবা সেকশন 504 বিশেষ সুবিধার ব্যবস্থার অনুরোধ জমা দেয়া হয়ে থাকে) অথবা স্বাস্থ্য পরিষেবার অনুরোধ পাওয়ার 15 দিন পরে (শিক্ষাবর্ষ শুরুর পরে জমা দেয়া DMAF অথবা অনুরোধসমূহের জন্য), যদিনা কোনো পিতামাতার সময়সূচির সাথে সামঞ্জস্য বিধান করতে অতিরিক্ত সময় প্রয়োজন হয়।

- সকল নতুন শিক্ষার্থী (নতুন ভর্তি হওয়া, বদলি হওয়া, এবং/অথবা রোগ নির্ণীত হওয়া) স্টুডেন্ট ক্লাস মেম্বারদের জন্য:

    - যতক্ষণ পর্যন্ত একজন শিক্ষার্থীর DMAF স্পষ্ট এবং অদ্ব্যর্থক আছে, একজন স্টাফ স্কুল নার্স অবিলম্বে ডায়াবেটিস-সম্পর্কিত সেবা প্রদান করা শুরু করতে পারেন। যদি DMAF স্পষ্ট এবং অদ্ব্যর্থক না হয়, অথবা স্কুল নার্স স্টাফ নার্স না হয়ে একজন চুক্তিভুক্ত হন, অফিস অভ স্কুল হেলথ (OSH) DMAF-টি পর্যালোচনা করবেন এবং যত দ্রুত সম্ভব এবং পরবর্তী স্কুল দিবসের পরে নয়, তা স্কুল নার্সের কাছে ফেরত পাঠিয়ে দেবেন।

    - DOE একটি DMAF পাওয়ার পরে যত দ্রুত সম্ভব এবং কোন অবস্থাতেই 5 স্কুল দিবসের পরে নয় (যদিনা পিতামাতার সময়সূচিকে জায়গা দিতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়), পিতামাতা, স্কুল নার্স, যদি সম্ভব হয় OSH ডায়াবেটিস টিম, এবং স্কুল-

ভিত্তিক স্টাফের উপর কর্তৃত্ব আছে এমন একজন স্কুল প্রশাসকের সাথে শিক্ষার্থীর প্রয়োজনসমূহ নিয়ে আলোচনা করতে এবং একটি স্পষ্ট এবং অদ্ব্যর্থক DMAF লভ্য হওয়া এবং সেকশন 504 মিটিং আয়োজিত হতে পারা ও সেকশন 504 পরিকল্পনা চূড়ান্ত হওয়ার সময়কালের মধ্যে স্কুল একটি সভা আহ্বান করবে। সেবার দায়িত্ব অর্পণ এবং শিক্ষার্থীর দায়িত্বে থাকা প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের ডায়াবেটিস-সম্পর্কিত প্রশিক্ষণ পরিকল্পনার দিকে সভাটি নিবিষ্ট থাকবে।

- সকল শিক্ষার্থী ক্লাস মেম্বারদের জন্য:
    - সেকশন 504 টিমগুলো এই মামলায় নির্দিষ্ট করে ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের জন্য তৈরি, যাতে শিক্ষার্থীর পরিষেবাসমূহে ও প্রয়োজনীয় বিশেষ ব্যবস্থাসমূহ, পাশাপাশি যাদের প্রশিক্ষণ দিতে হবে, সেসব তালিকাভুক্ত করা থাকবে, তেমন একটি সেকশন 504 পরিকল্পনা টেমপ্লেট ব্যবহার করতে বাধ্য থাকবে এবং তারদেরকে তা স্মরণ করিয়ে দেয়া হবে।
    - অর্থায়নের অভাবে কোনো শিক্ষার্থীর প্রয়োজনীয় বিশেষ ব্যবস্থার চাহিদা প্রত্যাখ্যান করা যাবে না।
    - একটি সেকশন 504 পরিকল্পনা সেকশন 504 মিটিং-এর শেষে অনুমোদিত হবে, যখন সম্ভব।

- ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের প্রয়োজন মেটাতে স্কুল নার্স, প্যারাপ্রফেশন্যাল, পরিচর্যাকারী (এইড), শিক্ষক, বিকল্প শিক্ষক, বাস ড্রাইভার, বাস অ্যাটেনডেন্ট, এবং অন্যান্য স্কুল স্টাফদের ডায়াবেটিস সেবার উপর প্রশিক্ষণ:
    - আমেরিকান ডায়াবেটিস অ্যাসোসিয়েশনের সাথে প্রয়োজনমতো পরামর্শক্রমে সকল ট্রেনিং-এর উপকরণ হালনাগাদ করা হবে।
    - নার্সগণ:
        - সকল নতুন নার্সগণ ডায়াবেটিস-সম্পর্কিত সেবা-যত্ন, ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের অধিকার, সেকশন 504 পরিকল্পনা, এবং ডায়াবেটিস প্রযুক্তির উপর প্রারম্ভিক প্রশিক্ষণ লাভ করবেন, নতুন স্টাফ নার্সদের ক্ষেত্রে নিযুক্তির প্রথম তারিখ থেকে ছয় সপ্তাহের মধ্যে অথবা চুক্তিভিত্তিক নার্সদের ক্ষেত্রে পরিচিতি প্রদানকালে। নতুন নার্সদেরকে তাদের পরিচিতিকরণ বা ওরিয়েন্টেশন শেষ না হওয়া পর্যন্ত কোনো স্কুল ইউনিটে স্থান দেয়া হবে না।
        - সকল নার্সগণ নির্দিষ্ট যে নির্দিষ্ট শিক্ষার্থীকে সেবা দেবেন, তার প্রয়োজনের উপর শিক্ষার্থী-নিবিষ্ট প্রশিক্ষণ লাভ করবেন, যেমন ডায়াবেটিস প্রযুক্তি। উদাহরণস্বরূপ, একজন নার্স যিনি এমন একজন শিক্ষার্থীর চিকিৎসা করছেন যে ডেক্সকম 6

কন্টিনিউয়াস গ্লুকোজ মনিটর (CGM) ব্যবহার করে, তিনি সেই বিশেষ ডিভাইসের উপর ট্রেনিং লাভ করবেন।

- যদি একজন শিক্ষার্থী শিক্ষাবর্ষ শুরুর পরে শনাক্তকৃত হয় অথবা স্কুলে যোগদান করে, কোনো শিক্ষার্থীর ডায়াবেটিস চিকিৎসা পদ্ধতির একটি নতুন দিক আসে, অথবা বাড়তি প্রশিক্ষণ চিকিৎসাগতভাবে যথাযথ হয়, তবে বাড়তি প্রশিক্ষণ প্রদান করা হবে। পিতামাতাগণ এমন বাড়তি প্রশিক্ষণের অনুরোধ করতে পারেন, এবং, যদি ডায়াবেটিস টিম নার্স অথবা সুপারভাইজিং নার্স রাজি হন, প্রশিক্ষণের প্রয়োজনীয়তা চিহ্নিত হওয়ার 5 স্কুল দিবসের মধ্যে স্টাফ নার্সদেরকে এবং প্রশিক্ষণের প্রয়োজনীয়তা চিহ্নিত হওয়ার দশ স্কুল দিবসের পরে নয় এমন সময়ে চুক্তিভুক্ত নার্সদেরকে অবশ্যই প্রশিক্ষণ প্রদান করতে হবে।

- শিক্ষাবর্ষ শুরু হওয়ার আগে অথবা তারপরে যত দ্রুত সম্ভব, সকল নার্স ডায়াবেটিস-সম্পর্কিত যত্নের উপর বার্ষিক সংরক্ষণমূলক প্রশিক্ষণ নেবেন।

- প্যারাপ্রফেশনাল:

  - যখনই একটি সেকশন 504 টিম এটা নির্ধারণ করবে যে ডায়াবেটিস-সম্পর্কিত সেবা প্রদান করার জন্য একজন প্যারাপ্রফেশন্যাল নিযুক্তি যথাযথ, দ্রুত, এবং বেশিরভাগ ক্ষেত্রে 5 স্কুল দিবসের মধ্যেই একজন প্যারাপ্রফেশন্যাল চিহ্নিত করা হবে।

  - সকল প্যারাপ্রফেশন্যাল তাদের নির্দিষ্ট সাহায্যগ্রহীতা শিক্ষার্থীর জন্য শিক্ষার্থী-নিবিষ্ট ট্রেনিংসহ, ডায়াবেটিস ও তাদের কাছ থেকে প্রত্যাশিত কাজের উপর প্রশিক্ষণ পাবেন বলে আশা করা হচ্ছে।

  - ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের জন্য অব্যাহতভাবে নিযুক্ত প্যারাপ্রফেশন্যালদেরকে বার্ষিক একটি সংরক্ষণমূলক প্রশিক্ষণ দেওয়া হবে। প্রয়োজন মতো বাড়তি প্রশিক্ষণ দেওয়া হতে পারে এবং পিতামাতাগণ বাড়তি ট্রেনিং-এর অনুরোধ করতে পারেন।

- সেকশন 504 কোঅর্ডিনেটরগণ:

  - প্রতিটি স্কুলে যেসব স্কুল স্টাফ সেকশন 504 কোঅর্ডিনেটর হিসেবে পরিষেবাদান করেন, তারা সংরক্ষণমূলক প্রশিক্ষণসহ সেকশন 504 পরিকল্পনা (প্রত্যাবর্তনকারী সেকশন 504 কোঅর্ডিনেটরদের জন্য) বিষয়ে প্রশিক্ষণ পাবেন, যা সম্পন্ন করতে হবে প্রত্যেক শিক্ষা বছরের 15 এপ্রিলের মধ্যে, মে এবং জুন মাসে অনুষ্ঠিত হওয়া সেকশন 504 মিটিংগুলোর আগে।

- DOE শিক্ষক, কোচ, এবং ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীর জন্য দায়বদ্ধ প্রাপ্তবয়স্কগণ:

  - ডায়াবেটিস আছে এমন কোনো শিক্ষার্থীর জন্য দায়িত্বরত সকল প্রাপ্তবয়স্ক ব্যক্তি 1 স্তরের প্রশিক্ষণ পাবেন যার মধ্যে রয়েছে ডায়াবেটিস সম্পর্কে একটি মৌলিক ধারণা এবং কীভাবে তা একজন শিক্ষার্থীর স্কুল ও স্কুল-সংশ্লিষ্ট কর্মকাণ্ডে প্রভাব ফেলতে পারে, হাইপোগ্লাইসেমিয়া (রক্তে চিনির মাত্রা কমে যাওয়া) এবং হাইপারগ্লাইসেমিয়া (রক্তে চিনির মাত্রা বেড়ে যাওয়া)-এর লক্ষণ ও উপসর্গসমূহ কীভাবে চিনতে পারা যাবে ও হাইপোগ্লাইসেমিয়া ও হাইপারগ্লাইসেমিয়া হলে কী করতে হবে, কোনো জরুরি পরিস্থিতি হলে সাথে সাথে কার সাথে যোগাযোগ করতে হবে, এবং ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের জন্য সাধারণত বিবেচিত বিশেষ ব্যবস্থাসমূহ। প্রশিক্ষণের প্রয়োজন আছে তা শনাক্ত হওয়ার 10 স্কুল দিবসের মধ্যে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

  - যথেষ্ঠ সংখ্যক প্রাপ্তবয়স্ক ব্যক্তি 2 স্তরের প্রশিক্ষণ পাবেন যার মধ্যে রয়েছে 1 স্তরের প্রশিক্ষণের বিষয়বস্তু সেই সাথে বাড়তি দায়িত্ব পালনের প্রশিক্ষণ, যেমন ব্লাড গ্লুকোজ মনিটর করা, গ্লুকাগন দেয়া, কিটোন মনিটর করা, ইনসুলিন দেয়া তত্ত্বাবধান করা, এবং ডায়াবেটিসজনিত জরুরি পরিস্থিতিতে করণীয়। এটা নিশ্চিত করে যে, স্কুল দিবস চলাকালে, ফিল্ড ট্রিপে, পাঠ্যক্রম বর্হিভূত কর্মকাণ্ড (উদাহরণস্বরূপ, একটি স্বীকৃতিপ্রাপ্ত ব্রেকফাস্ট প্রোগ্রাম), অথবা প্রয়োজন অনুযায়ী অন্যান্য স্কুল-সম্পর্কিত কর্মকাণ্ড চলাকালে, কমপক্ষে 1 জন প্রশিক্ষণপ্রাপ্ত স্কুল স্টাফ লভ্য। প্রশিক্ষণের প্রয়োজন আছে তা শনাক্ত হওয়ার 15 স্কুল দিবসের মধ্যে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

- বাস ড্রাইভার এবং বাস অ্যাটেন্ড্যান্টগণ:

  - এমন সকল পূর্ণ বয়স্ক ব্যক্তি যারা DMAF আছে এমন একজন DOE শিক্ষার্থীকে পরিবহণ করেন মর্মে DOE চিহ্নিত করে, তারা গ্লুকাগন দেয়ার ট্রেনিং সহ উপরের বর্ণনা অনুযায়ী লেভেল 1 ট্রেনিং পাবেন। স্কুলের প্রথম দিনের আগে চিহ্নিত এমন ড্রাইভার এবং অ্যাটেনডেন্টদের জন্য স্কুলের প্রথম দিনের আগে ট্রেনিংটি অনুষ্ঠিত হবে। ট্রেনিং-এর পরে, শিক্ষার্থীর মৃদু থেকে মাঝারি হাইপোগ্লাইসেমিয়ার উপসর্গ, গুরুতর হাইপোগ্লাইসেমিয়া ও হাইপারগ্লাইসেমিয়ার সাধারণ উপসর্গসমূহ, প্রেসক্রাইবড্ গ্লুকাগনের শিক্ষার্থী ফর্ম, বাসে থাকা অবস্থায় পিতামাতার দেওয়া গ্লুকাগন, ডায়াবেটিস স্ন্যাক্স, ও পানি শিক্ষার্থীর সাথে কোথায় থাকে (যেমন তাদের ব্যাকপ্যাকের সামনের পকেটে) তা চিহ্নিত করে DOE ড্রাইভার ও অ্যাটেনডেন্টকে একটি "দ্রুত পদক্ষেপের গাইড" (কুইক অ্যাকশন গাইড) প্রদান করবে।

- বিশেষ সুবিধাসমূহ ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে দেয়া নিশ্চিত করা যাতে শিক্ষার্থী তার অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে, শিক্ষানির্দেশনা থেকে বঞ্চিত হওয়া সময় সীমিত করে এবং সহপাঠীদের সাথে কম সময় আলাদা থেকে, সম্ভাব্য সর্বাধিক প্রসারিতভাবে মেলামেশা করতে পারে।

- স্কুল ও স্কুল-সংক্রান্ত কর্মকাণ্ড যেমন ফিল্ড ট্রিপস্‌, স্কুল-স্পন্সরকৃত স্কুল ছুটি পরবর্তী এবং পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড, এবং স্কুলের সকালের নাস্তা খাওয়ার সময় প্রয়োজনীয় ডায়াবেটিস-সম্পর্কিত সেবা প্রদান আবশ্যক করে দিয়ে ডায়াবেটিস আক্রান্ত শিক্ষার্থীদের এসব কর্মকাণ্ড থেকে বিরত রাখা বন্ধ করা।

### 7. যদি নিষ্পত্তিটি অনুমোদিত হয় আমাকে কি কোনো অধিকার ত্যাগ করতে হবে?

নিষ্পত্তি চুক্তি অনুযায়ী, নামোল্লিখিত বাদীগণ কিছু দাবি ত্যাগ করতে (ছেড়ে দিতে) এবং ক্লাসের পক্ষ থেকে কিছু দাবি ত্যাগ করতে রাজি হয়েছেন:

- নামোল্লিখিত বাদীগণ এবং ক্লাস, নিষ্পত্তিটি কার্যকর হওয়ার তারিখের আগে উদ্ভুত ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের জন্য বিশেষ সুবিধা ব্যবস্থা এবং পরিষেবার শর্তের সাথে সম্পর্কিত সিস্টেমিক ইঞ্জাঙ্কটিভ রিলিফ বা নিষেধাজ্ঞার কোনো দাবি ত্যাগ করেন। তার মানে হলো, নামোল্লিখিত বাদীগণ অথবা ক্লাস কেউই ডায়াবেটিস আছে এমন শিক্ষার্থীদের জন্য পদ্ধতিগত স্তরে বিশেষ সুবিধা ব্যবস্থা ও পরিষেবার অভাবকে চ্যালেঞ্জ করে এই নিষ্পত্তিটি কার্যকর হওয়ার আগের ঘটনাকে ভিত্তি করে আরেকটি মামলা করতে পারবেন না।

- নামোল্লিখিত বাদী অথবা ক্লাস মেম্বারদের কেউই অন্য কোনো ব্যক্তিগত ডায়াবেটিস-সম্পর্কিত দাবি যেমন ইনডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস এডুকেশন অ্যাক্ট অথবা সেকশন 504 থেকে উদ্ভুত ন্যায় বিচার লাভের দাবি (ডিউ প্রসেস ক্লেইম), অথবা যেকোনো আর্থিক দাবি ত্যাগ করছেন না।

### 8. নামোল্লিখিত বাদীদেরকে এই নিষ্পত্তিটি কী প্রদান করবে?

নিষ্পত্তির অংশ হিসেবে, বিবাদীগণ তিনজন নামোল্লিখিত বাদীর প্রত্যেককে ক্লাস প্রতিনিধিত্বকারী পরিষেবার জন্য $5000 করে পরিশোধ করতে রাজি হয়েছে।

## ***এই মামলার আইনজীবীগণ***

### 9. এই মামলায় আমার কি কোনো আইনজীবী আছে?

হ্যাঁ। যদি আপনি অথবা আপনার সন্তান একজন ক্লাস মেম্বার হয়ে থাকেন, একটি অলাভজনক আইনি প্রতিষ্ঠান ডিস্যাবিলিটি রাইটস্‌ অ্যাডভোকেটস্‌-এর আইনজীবীরা শুধুমাত্র এই মামলার উদ্যেশ্যে আপনার প্রতিনিধিত্ব করবেন। ডিস্যাবিলিটি রাইটস্‌ অ্যাডভোকেটস্‌ প্রতিবন্ধিদের অধিকার বিষয়ে অনুরূপ মামলা পরিচালনায় অভিজ্ঞ। ডিস্যাবিলিটি রাইটস্‌ অ্যাডভোকেটস্‌ এবং এর আইনজীবীদের অভিজ্ঞতা সম্পর্কে আরো তথ্য http://www.dralegal.org সাইটে লভ্য।

এ আইনজীবীগণ এই বিষয়ে আপনার প্রতিনিধিত্ব করার জন্য কোনো পারিশ্রমিক দাবি করবেন না। আপনি যদি আপনার নিজস্ব আইনজীবী চান, তাহলে আপনার নিজের অর্থে একজনকে নিয়োগ দিতে পারেন।

## 10. আইনজীবীর পারিশ্রমিক কীভাবে দেওয়া হবে?

আইনজীবীদের পারিশ্রমিক এই কেসের বিবাদীগণ পরিশোধ করবেন। নিষ্পত্তির চুক্তিতে বর্ণিত হয়েছে যে ক্লাসের জন্য আইনজীবীগণ এই মামলার প্রকৃত ঘটনা অনুসন্ধান, মোকদ্দমা পরিচালনা করা, নিষ্পত্তি নিয়ে আলাপ-আলোচনা করা, এবং নিষ্পত্তির তত্ত্বাবধান ও প্রয়োগের জন্য বিবাদীদের কাছ থেকে যুক্তিসঙ্গত আইনজীবীর ফি চাইতে পারেন। আইনজীবীদের ফি পরিশোধ করা এই নিষ্পত্তির অধীনে বিবাদীদের দ্বারা প্রদানকৃত পরিষেবাসমূহে, অথবা বিবাদীগণ প্রয়োগ করতে রাজি হওয়া নীতি ও চর্চায় প্রভাব ফেলবে না।

***নিষ্পত্তিতে আপত্তি***

## 11. কীভাবে আমি কোর্টকে বলবো যে আমি এই নিষ্পত্তিটি পছন্দ করছি না?

নিষ্পত্তিটি কার্যকর হওয়ার আগে অবশ্যই কোর্ট দ্বারা অনুমোদিত হতে হবে।
আপনি নিষ্পত্তিটির কোনো অংশ পছন্দ না করলে এতে আপত্তি জানাতে পারেন। কোর্ট আপনার দৃষ্টিভঙ্গি বিবেচনা করবে। আপত্তি জানাতে, সকল কাউন্সেলকে কপি পাঠিয়ে আপনাকে অবশ্যই কোর্টে একটি ইমেইল পাঠাতে হবে (ইমেইল ঠিকানা নিচে পাওয়া যাবে) যাতে বলা থাকবে, "আমি M.F., গং বনাম নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, গং-এর নিষ্পত্তির ব্যাপারে আপত্তি করছি। আপনাকে অবশ্যই আপনার নাম, ইমেইল ঠিকানা, বাস্তবের ঠিকানা, সেরা টেলিফোন নম্বর, আপনি কেন নিষ্পত্তিতে আপত্তি করছেন তার সুনির্দিষ্ট কারণসমূহ, আপনি চান কোর্ট বিবেচনা করুক এমন কোনো নথিসমূহের কপি, এবং আপত্তিটি শুধু আপনার, ক্লাসের কোনো নির্দিষ্ট অংশের, অথবা পুরো ক্লাসের কিনা তার একটি বিবৃতি অন্তর্ভুক্ত করতে হবে। আপনার যদি আপত্তি থাকে এবং আপনি ভার্চুয়াল হিয়ারিং-এ কথা বলতে চান, আপনাকে অবশ্যই তা আপনার লিখিত আপত্তিতে জানাতে হবে অথবা কথা বলতে চাওয়ার ইচ্ছার একটি আলাদা নোটিস পাঠাতে হবে (নিচে প্রশ্ন 14 -এ আলোচনা করা হয়েছে)। আপনার যদি ইমেইল উপলভ্য না থাকে, সকল কাউন্সেলকে কপি পাঠিয়ে, ফার্স্ট ক্লাস মেইলের মাধ্যমে, জাজের কোর্টরুম ডেপুটির কাছে আপনার আপত্তি পাঠাতে পারেন। ইমেইল এবং ডাকযোগে পাঠানোর ঠিকানা নিম্নরূপ:

ভিক্টর জো (Victor Joe)
জাজ গারসন (Gershon) -এর কোর্টরুম ডেপুটি
Victor_Joe@nyed.uscourts.gov
United States District Court for the Eastern District of New York
225 Cadman Plaza East
Brooklyn, NY 11201

টোরি অ্যাটকিনসন (Torie Atkinson)
Disability Rights Advocates
diabeteslawsuit@dralegal.org
655 Third Avenue, 14th Floor
New York, NY 10017

ক্ল্যারেন্স ওর্সল্যান্ড (Chlarens Orsland)
New York City Law Department – General Litigation Division
corsland@law.nyc.gov
100 Church Street, Room 2-174
New York, NY 10007

**আপনার আপত্তি অবশ্যই ইমেইল করে অথবা ডাকযোগে পাঠাতে হবে, *27 ফেব্রুয়ারি, 2023* তারিখের এর পরে নয়।** ক্লাস কাউন্সেল, ডিস্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস্, কোনো আপত্তি থাকলে তা ইলেক্ট্রনিক ডকেটে দায়ের করবে এবং আপত্তি জানানো ক্লাস মেম্বারদেরকে এটা দায়েরের একটি রিসিট ইমেইল বা ডাকযোগে প্রদান করবে।

## *ন্যায্যতার শুনানি*

### 12. নিষ্পত্তিটির অনুমোদন সম্পর্কে কখন কোর্ট একটি সিদ্ধান্ত নেবে?

**19 এপ্রিল, 2023, 2:00 PM**-এ কোর্ট একটি ভার্চুয়াল ন্যায্যতার শুনানি করবে। নিষ্পত্তিটি ন্যায্য, যথেষ্ঠ, এবং যুক্তিসঙ্গত কিনা, এই ভার্চুয়াল শুনানিতে কোর্ট তা বিবেচনা করবে। যদি আপত্তির সময়সীমার মধ্যে কোনো লিখিত আপত্তি ইমেইল করা বা ডাকযোগে পাঠানো হয়ে থাকে, কোর্ট সেগুলো বিবেচনা করবে। শুনানিতে কথা বলার জন্য যথাযথভাবে অনুরোধ জমাদানকারী মানুষদের কথা জাজ শুনবেন। শুনানীর পরে, জাজ সিদ্ধান্ত নিবেন যে নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা। আমরা জানি না যে এসব সিদ্ধান্ত নিতে কত সময় লাগবে। ন্যায্যতার শুনানির পরে কোর্ট যদি নিষ্পত্তিটি অনুমোদন করে, তারপরও সেখানে আপিল হতে পারে। যদি কোনো আপিল দায়ের করা হয়, এটা অনিশ্চিত যে তা মীমাংসা করতে কত সময় লাগবে। যদি নিষ্পত্তিটি অনুমোদিত হয়, এবং কোনো আপিল দায়ের না করা হয়, বিবাদীগণ নিষ্পত্তি অনুযায়ী আবশ্যক পদক্ষেপ নেয়া শুরু করবে।

### 13. আমার কি শুনানিতে উপস্থিত থাকতে হবে?

না। ডিস্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস্ থেকে আইনজীবীগণ শুনানিতে উপস্থিত থাকবেন এবং মামলাটি সম্পর্কে জাজের কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দিবেন। কিন্তু আপনি আপনার নিজ খরচে উপস্থিত থাকার জন্য স্বাগত। আপনি জুম-এর মাধ্যমে নিম্নলিখিত লিঙ্কে ভার্চুয়াল শুনানিতে যোগ দিতে পারেন:

https://nyed.zoomgov.com/j/1600673093?pwd=VXBwTVFNZUg3bjZKUUFNV1EwTmlVZz09

মিটিং আইডি (ID): 160 067 3093
Passcode: 090317

অথবা টেলিফোনের মাধ্যমে নিম্নলিখিত নম্বরে:

1 (646) 828-7666
Meeting ID: 160 067 3093
Passcode: 090317

শুনানির তারিখ এবং সময়ের কোনো পরিবর্তন হলে তা ডিস্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস্-এর ওয়েবসাইট https://dralegal.org/press/nyc-school-diabetes-settlement-fairness-hearing/ -এ লভ্য হবে। আপনি যদি একটি লিখিত আপত্তি জমা দিয়ে থাকেন, এটা নিয়ে কথা বলতে আপনার শুনানিতে উপস্থিত থাকতে হবে না। আপনি সময়মতো আপনার আপত্তি ইমেইল করে বা ডাকযোগে পাঠিয়ে থাকলে, কোর্ট তা বিবেচনা করবে। উপস্থিত থাকার জন্য আপনি আপনার নিজের আইনজীবীকেও রাখতে পারেন, কিন্তু তা প্রয়োজনীয় নয়। যদি আপনি ন্যায্যতার শুনানিতে কথা বলতে চান তা হয় আপনার মূল আপত্তিটিতে অথবা কথা বলতে চাওয়ার ইচ্ছার আলাদা একটি নোটিসে জানাতে হবে।

## 14. আমার কি শুনানিতে কথা বলার অনুমতি আছে?

ভার্চুয়াল ন্যায্যতার শুনানিতে কথা বলার জন্য আপনি কোর্টের কাছে অনুমতি চাইতে পারেন। অনুগ্রহ করে মনে রাখুন যে, শুনানিতে অংশ নেয়ার জন্য কোনো ব্যয় হলে তা আপনার নিজেকে বহন করতে হবে। যদি আপনি নিষ্পত্তিতে আপত্তি করে আপনার কথা বলতে চাওয়ার ইচ্ছার কথা উল্লেখ না করে থাকেন, তবে শুনানিতে কথা বলতে অনুরোধ করতে, সকল কাউন্সেলকে কপি পাঠিয়ে আপনার অবশ্যই কোর্টে একটি ইমেইল পাঠাতে হবে এটা উল্লেখ করে যে, আপনি *M.F. বনাম নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন*, সিভিল নম্বর 18-CV-6109 (NG) -এ উপস্থিত থাকতে চান। আপনার নাম, ইমেইল ঠিকানা, বাস্তবের ঠিকানা, টেলিফোন নম্বর, শুনানিতে আপনি যেসব কারণে কথা বলতে চান তা অন্তর্ভুক্ত করতে, এবং আপনি সাক্ষ্য দিতে ডাকতে পারেন এমন কোনো সাক্ষী এবং শুনানিতে প্রমাণ হিসেবে কোনো কিছু আপনি প্রদর্শন করতে চাইলে তার তালিকা করা নিশ্চিত করুন। আপনার যদি ইমেইল উপলভ্য না থাকে, সকল কাউন্সেলকে কপি পাঠিয়ে, ফার্স্ট ক্লাস মেইলের মাধ্যমে, জাজের কোর্টরুম ডেপুটির কাছে আপনার কথা বলতে চাওয়ার ইচ্ছার নোটিশ পাঠাতে পারেন। উপরে প্রশ্ন 11 -এ উল্লেখিত ইমেইল এবং ডাকযোগে প্রেরণের ঠিকানাসমূহ ব্যবহার করুন। **আপনার কথা বলতে চাওয়ার ইচ্ছার নোটিসটি ইমেইল করে অথবা ডাকযোগে পাঠাতে হবে অবশ্যই *27 ফেব্রুয়ারি, 2023* -এর পরে নয়।** ক্লাস কাউন্সেল কথা বলতে চাওয়ার ইচ্ছার কোনো নোটিস থাকলে তা ইলেক্ট্রনিক ডকেটে দায়ের করবে এবং কথা বলতে চাওয়া ক্লাস মেম্বারদেরকে এটার একটি রিসিট ইমেইল বা ডাকযোগে প্রদান করবে।

## 15. আমি যদি কোনো কিছু না করি?

একবার অনুমোদিত হয়ে গেলে এই নিষ্পত্তির ভবিষ্যৎ সুরক্ষা পেতে আপনার কিছু করার প্রয়োজন নেই।

*<u>আরো তথ্য পাওয়া</u>*

**16. এই নিষ্পত্তি সম্পর্কে কি আরো বিস্তারিত কিছু আছে?**

এই নোটিশে নিষ্পত্তিটির সার-সংক্ষেপ রয়েছে। নিষ্পত্তি চুক্তিটির মধ্যেও আরো অনেক বিস্তারিত বিবরণ রয়েছে। চুক্তিটির সাথে এই নোটিসটির এইটুকুই পার্থক্য, চুক্তির শর্তগুলো সঠিক।

ডিসঅ্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস ওয়েবসাইটটি ভিজিট করে এখানে আপনি চুক্তিটির একটি কপি দেখতে পারেন:

https://dralegal.org/case/m-f-v-new-york-city-department-of-education/আপনি (332) 217-2362 নম্বরে কল করে অথবা diabeteslawsuit@dralegal.org ঠিকানায় ইমেইল করে চুক্তির একটি কপির জন্য অনুরোধ করতে, চুক্তি সম্পর্কে প্রশ্ন করতে, অথবা প্রাথমিক অনুমোদনের প্রস্তাব ও কোর্টের পূর্ববর্তী সিদ্ধান্তসমূহসহ এই কেস-এর অন্য কোনো নথির অনুরোধও করতে পারেন।

সবশেষে, কোর্টের ছুটির দিন ছাড়া, সোমবার থেকে শুক্রবার, 8:30 a.m. থেকে 4:30 p.m-এর মধ্যে অফিস অভ দ্য ক্লার্ক অভ দ্য কোর্ট ফর দ্য ইউনাইটেড স্টেটস্ ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্য ইস্টার্ন ডিস্ট্রিক্ট অব নিউ ইয়র্ক, 225 Cadman Plaza East, Brooklyn, New York 11201 -এ গিয়ে আপনি এই কেসে কোর্ট ডকেট পাবেন।

এই নিষ্পত্তি সম্পর্কে জিজ্ঞাসা করতে অনুগ্রহ করে কোর্টে বা কোর্ট ক্লার্কের অফিসে কল করবেন না।

যদি আপনি অথবা আপনার সন্তান ডায়াবেটিস আছে এমন একজন শিক্ষার্থী হয়ে থাকেন এবং আপনি স্কুলে আপনার সন্তানের যত্নের সাথে সম্পর্কিত বিষয়ে সমস্যায় পড়ে থাকেন, তবে আপনি সরাসরি DOE -এর সাথে যোগাযোগ করতে পারেন:

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, অফিস অভ স্কুল হেলথ্-এর সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজার
(212) 287-0354
504Questions@schools.nyc.gov

অথবা

আপনার সন্তানের স্কুলের হেল্থ ডিরেক্টর:

হেল্থ ডিরেক্টরের সাথে যোগাযোগের হালনাগাদ তথ্যের জন্য অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/staying-healthy/diabetes ভিজিট করুন।

**ACCESS/ডিস্ট্রিক্ট 79 (ট্রান্সফার স্কুল, ডিস্ট্রিক্ট 79 এবং কনসোর্টিয়াম/আন্তর্জাতিক/NYC আউটওয়ার্ড বাউন্ড স্কুল)**

হেলথ্ ডিরেক্টর নরবার্টো পেরেজ (Norberto Perez)
ইমেইল: NPerez4@schools.nyc.gov
ফোন নম্বর: 646-413-5069
ঠিকানা: 4360 Broadway, New York, NY 10033

**ব্রুকলিন নর্থ (ডিস্ট্রিক্ট 13, 14, 15, 16, 19, 23, 32)**

হেলথ্ ডিরেক্টর: নরবার্টো পেরেজ (Norberto Perez) (I.A.)
ইমেইল: NPerez4@schools.nyc.gov; BkNorthHealth@schools.nyc.gov
ফোন নম্বর: 646-413-5069
ঠিকানা: 4360 Broadway, New York, NY 10033

**ব্রুকলিন সাউথ (ডিস্ট্রিক্ট 17, 18, 20, 21, 22)**

হেলথ্ ডিরেক্টর: জুলিয়ানা ফেলিক্স-ব্যারেট (Juliana Felix-Barret)
ইমেইল: JFelixBarret@schools.nyc.gov
ফোন নম্বর: 718-759-4921
ঠিকানা: 415 89th Street, Rm 509, Brooklyn, NY 11209

**ব্রংক্স (ডিস্ট্রিক্ট 7, 8, 9, 10, 11, 12)**

হেলথ্ ডিরেক্টর: মারলেনি মোরেইরা (Marleni Moreira)
ইমেইল: MMoreira3@schools.nyc.gov
ফোন নম্বর: 718-828-4785
ঠিকানা: 1230 Zerega Avenue, Bronx, NY 10462

**ম্যানহাটান (ডিস্ট্রিক্ট 1, 2, 4, 6)**

হেলথ্ ডিরেক্টর: ম্যাগডালেন গোমেজ (Magdalene Gomes)
ইমেইল: MGomes6@schools.nyc.gov
ফোন নম্বর: 212-356-3867
ঠিকানা: 333 7th Avenue, Rm 827 New York, NY 10001

**ম্যানহ্যাটন (ডিস্ট্রিক্ট 3, 5)**

হেলথ্ ডিরেক্টর: স্টেফানি কালোয়া (Stephanie Caloir)
ইমেইল: SCaloir@schools.nyc.gov
ফোন নম্বর: 718-556-8383; 646-369-2502
ঠিকানা: 715 Ocean Terrace, Rm A-309 Staten Island, NY 10301

**কুইন্স নর্থ (ডিস্ট্রিক্ট 24, 25, 26, 30)**

হেলথ্ ডিরেক্টর: কারেন জ্যাঁ পিয়ের-ডেস্টিন (Carin Jean Pierre-Destin)
ইমেইল: CPierre@schools.nyc.gov
ফোন নম্বর: 718-281-3410
ঠিকানা: Queens North 30-48 Linden Place, Flushing, NY 11354

**কুইন্স সাউথ (ডিস্ট্রিক্ট 27, 28, 29)**

হেলথ্ ডিরেক্টর: এডিথ রিচার্ডস (Edith Richards)
ইমেইল: ERichards7@schools.nyc.gov
ফোন নম্বর: 718-348-2956
ঠিকানা: 82-01 Rockaway Blvd, Rm 420, Queens, NY 11416

**স্ট্যাটেন আইল্যান্ড (ডিস্ট্রিক্ট 31)**

হেলথ্ ডিরেক্টর: স্টেফানি কালোয়া (Stephanie Caloir)
ইমেইল: SCaloir@schools.nyc.gov
ফোন নম্বর: 718-556-8383; 646-369-2502
ঠিকানা: 715 Ocean Terrace, Rm A-309 Staten Island, NY 10301

**ডিস্ট্রিক্ট 75**

হেলথ্ ডিরেক্টর: শনা গিবসন (Shona Gibson)
অ্যাডাম ব্রেইয়ার (Adam Breier)
ইমেইল: SGibson4@schools.nyc.gov
ABreier@schools.nyc.gov
ফোন নম্বর: 212-802-1552
718-923-5087
ঠিকানা: 400 First Avenue, Rm 715 New York, NY 10010

এই নিষ্পত্তিটি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আপনি ক্লাস কাউন্সেল ডিসঅ্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস-এর সাথে নিচের ঠিকানায় যোগাযোগ করতে পারেন:

**ডিসঅ্যাবিলিটি রাইটস্ অ্যাডভোকেটস**
diabeteslawsuit@dralegal.org
655 Third Avenue, 14th Floor
New York, NY 10017
Tel: (332) 217-2362
http://www.dralegal.org

স্কুলে ডায়াবেটিস সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, যোগাযোগ করতে পারেন:

AMERICAN DIABETES ASSOCIATION
1-800-DIABETES (342-2383)
askada@diabetes.org
http://www.diabetes.org/safeatschool